# পিতর এবং অন্যরা যীশু যেভাবে বলেছিলেন সেইভাবে শিষ্য তৈরী করেছিলেন

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই D3b পাঠ করা উচিৎ


**প্রার্থনা ঃ** ''হে আমাদের স্বর্গীয় পিতা, আমাকে এবং সেই সমস্ত ব্যাক্তিদের সাহায্য কর, যাদের আমি আমাদের প্রেমময় প্রভু এবং ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টের প্রকৃত শিষ্য হওয়ার জন্যে পরিচালিত করছি। আমাদের তাঁর বাধ্য হতে এবং যারা সমস্ত মানুষের তৈরী নিয়ম কানুনের উর্দ্ধে তাঁর আদেশের বাধ্য হওয়ার জন্য তাঁকে যথেষ্ট প্রেম করেন তাদের শিষ্য তৈরী করতে আমাদের সাহায্য করুন। যীশুর নামে এই প্রার্থনা চাই, আমেন।''

**১. পিতর এবং অন্য প্রেরিতগণ কিভাবে নূতন বিশ্বাসীদের সাহসী শিষ্যে পরিণত করে ছিলেন তা আবিষ্কার করুন।**

- রোমীয় সাম্রাজ্যের সমস্ত যিহূদীরা শুনেছিলেন যে পঞ্চাশওমীর দিন পিতর যিরূশালেমে থাকছেন। শত্রুপক্ষীয় অসংখ্য লোক সেখানে ছিলেন, কিন্তু পিতর তাদের বলেছিলেন ''হে ইস্রায়েলীয়েরা... নাসরতীয় যীশু পরাক্রম-কার্য্য, অদ্ভুত লক্ষণ ও চিহ্ন সমূহদ্বারা তোমাদের নিকটে ঈশ্বর কর্তৃক প্রমাণিত মনুষ্য... তোমরা তাঁহাকে অধর্মীদের হস্ত দ্বারা ক্রুশে দিয়ে বধ করিয়াছিলে... যাঁহাকে তোমরা ক্রুশে দিয়াছিলে, সেই যীশুকেই ঈশ্বর প্রভু ও খ্রীষ্ট উভয়ই করিয়াছেন'' (প্রেরিত ২ঃ২২-৩৬)।



- সেই দিন যিহূদীগণ অনুতাপ করেছিলেন, বাপ্তিস্ম গ্রহণ করেছিলেন এবং প্রথম খ্রীষ্টিয় মণ্ডলীর সঙ্গে যুক্ত হয়েছিলেন, প্রেরিত ২ঃ৩৮-৪১
- বিস্ময়কর ভাবে, প্রেরিত ২ অধ্যায়টির সমাপ্তির পূর্বেই ঐ সকল হাজার হাজার নূতন বিশ্বাসীগণ যীশুর সমস্ত আদেশ পালন করতে শুরু করেছিলেন! কিভাবে এত দ্রুত এই ঘটনা ঘটেছিল? আসুন, পিতর এবং তাঁর শিষ্যরা কি করেছিলেন আমরা তা আবিষ্কার করি, যাতে আমরাও একই কাজ করতে পারি।
- পঞ্চাশত্তমীর সাত সপ্তাহ পূর্বে যীশু মৃত্যু থেকে জীবিত হয়ে উঠেছিলেন, ৪০ দিন যাবৎ বহুবার তিনি প্রেরিতদের কাছে আবির্ভূত হয়েছিলেন এবং তখনই তিনি তাদের চূড়ান্ত নির্দেশ দিয়েছিলেন। পঞ্চাশত্তমীর দশ দিন পূর্বে যীশুর প্রেরিতগণ তাঁকে স্বর্গে আরোহন করতে দেখেছিলেন।
- যীশু অনেক বিষয় আদেশ দিয়েছিলেন। আমরা তাঁর আদেশগুলোকে সাতটি ''মৌলিক'' আদেশের অধীনে শ্রেনীবদ্ধ করতে পারি যা প্রেরিত ২ অধ্যায়ে নূতন বিশ্বাসীগণ বিশ্বাসী হওয়ার সঙ্গে সঙ্গেই পালন করতে শুরু করেছিলেন। কেবলমাত্র একটি আদেশ ছিল যা কোন নাম দ্বারা উল্লেখ করা হয় নি, তা হল প্রেম, যা তারা তাদের সহভাগিতায় এবং অংশগ্রহণ প্রদর্শন করতেন।
- পিতরের মত, সমস্ত উত্তম শিষ্য প্রস্তুতকারকই যীশুর সমস্ত আদেশের বাধ্য হওয়ার বিষয় শিক্ষা দেন। সম্পূর্ণ বাধ্যতা মেষপালদের শক্তিশালী করে, যা অভঙ্গুর শৃঙ্খলের ন্যায় হয়।
- নিম্নলিখিত সাতটি আদেশ দেখুন এবং যেকোন একটিতে টিক চিহ্ন দিন যা আপনার মেষপালনের জন্য আরও উত্তমরূপে বাধ্য হওয়া প্রয়োজন ঃ




১. **অনুতাপ, বিশ্বাস এবং পবিত্র আত্মা গ্রহণ**

ধর্মান্তরণ, আধ্যাত্মিক পুর্নজন্ম, মার্ক ১ঃ১৫; যোহন ৩ঃ১৬; যোহন ২০ঃ২২

২. **বাপ্তাইজ হও**

নূতন রূপান্তরিত জীবনকে অবশ্যই বাপ্তিস্মের উদ্যোগ নিতে হবে, প্রেরিত ২ঃ৩৪; মথি ২৮ঃ১৮-২০

৩. **প্রেম**

ঈশ্বরকে, প্রতিবেশীকে, বিশ্বাসীদের, অভাবীদের এবং শত্রুদের (তাদের ক্ষমা কর) প্রেম কর, মথি ২২ঃ৩৬-৪০; যোহন ১৩ঃ৩৪-৩৫, লূক ১০ঃ২৫-৩৭; মথি ৫ঃ৪৩-৪৮

৪. **রুটি ভাঙ্গা**

প্রভুর ভোজের অনুষ্ঠান (প্রভুর মেষ) আরাধনার জন্য আমরা যা কিছু করি তার সঙ্গে স্বপ্নযুক্ত, মথি ২৬ঃ২৬-২৮; মোহন ৪ঃ২৪

৫. **প্রার্থনা করা**

যীশুর নামে ব্যাক্তিগতভাবে এবং পরিবারগত অনুষ্ঠানের মাধ্যমে প্রার্থনা করা, মধ্যস্থতা করা এবং আত্মিক যুদ্ধ করা, যোহন ১৬ঃ২৪

৬. **দান করা**

আমাদের ধন, সময় এবং তালন্তের ধনাধ্যক্ষতা, লূক ৬ঃ৩৮; মথি ৬ঃ১-৪

৭. **শিষ্য তৈরী করা**

(খ্রীষ্টের জন্য সাক্ষ্য, তাঁর পালের পালন, তাঁর বাক্যের প্রয়োগ, নেতাদের প্রশিক্ষন, মিশনারী প্রেরণ), মথি ২৮ঃ১৮-২০

মথি ২৮ঃ১৮-২০ পদের যীশুর মহান আদেশটি মুখস্থ করুন, এছাড়াও সেখানে খুঁজে দেখুন ঃ

- যীশু কোন কর্তৃত্বে তাঁর অনুসরণকারীদের শিষ্য তৈরীর আদেশ দিয়েছিলেন ?
- পুনরুত্থিত, বিজয়ী খ্রীষ্ট, স্বর্গ এবং পৃথিবীর সমস্ত কর্তৃত্বের সঙ্গে আমাদের আদেশ দিয়েছিলেন। তাঁর সেই কর্তৃত্ব যে কোন রাজা, প্রেসিডেন্ট অথবা সৈন্য বাহিনীর অধ্যক্ষ অপেক্ষা শ্রেষ্ঠ। তিনি শিষ্য তৈরী করার জন্য আমাদেরকে কাদের কাছে যেতে বলেছিলেন ?
- বাপ্তিস্ম ছাড়াও তিনি কিভাবে সমুদয় লোকদের শিষ্য করতে বলেছিলেন ?
- যীশু সান্ত্বনা দানকারী কি প্রতিজ্ঞা করেছিলেন যা শিষ্যদের তাঁর সমস্ত আদেশ পালনের নির্দেশনা দানের প্রচণ্ড কাজটিকে সহজ করে দিয়েছে ?
- পঞ্চাশত্তমীর দিনে ঈশ্বর যখন তাঁর পরাক্রমী কাজ শুরু করেছিলেন তখন যীশুর শিষ্যরা কি করেছিলেন সেই বিষয়টি প্রেরিত ১ঃ১৪ পদে খুঁজে দেখুন।
- পবিত্র আত্মা প্রেরিতগণকে কি কাজ করতে সক্ষম করেছিলেন যা যিহূদীদের প্রভাবিত করেছিল, যারা পিতরের বক্তৃতা শুনেছিলেন, সেই বিষয়টি প্রেরিত ২ঃ১-২৪ পদের মধ্যে খুঁজে দেখুন।

২. **সারা সপ্তাহ যে কাজগুলো করবেন সেই বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন**

- কোন একজন সৃজনশীল ব্যক্তিকে যীশুর মৌলিক আদেশগুলোর উপর ভিত্তি করে একটি গান শিখতে বলুন, যা লোকদের সেই বিষয়গুলো মনে রাখতে সাহায্য করবে।
- যারা এখন যীশুর মৌলিক আদেশগুলো পালন করেন না সেই সকল বিশ্বাসীদের কাছে যান এবং তাদের নির্দেশ দিন।
- তাদের কাছে ব্যাখ্যা করুন যে এই আদেশগুলো হল একটিভিত্তি যার উপর আমরা পরিচর্য্যা কাজ নির্মাণ করি।
- ব্যাখ্যা করুন যে যদিও বিশ্বাসীগণ তাদের ওষ্ঠের মাধ্যমে দিন রাত ঈশ্বরের প্রশংসা করেন, তথাপি তারা প্রেমের সঙ্গে যীশুর আদেশগুলোর বাধ্য না হন, তাবে ঈশ্বর তাদের প্রশংসা গ্রহণ করবেন না, মথি ১৪ঃ১-৮।

৩. **আসন্ন আরাধনার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন**

স্থানীয় রীতিনীতির সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করুন এবং যে কোন ক্রমে তাদের উপস্থাপন করুন।

প্রথম মণ্ডলীর বিষয় এবং পিতর ও অন্যান্য প্রস্তুতকারকগণ কিভাবে শুরু থেকেই যীশুর আদেশগুলোর বাধ্য হওয়ার জন্য অসংখ্য নূতন বিশ্বাসীদের শিক্ষা দিতেন সেই বিষয়ে গল্প বলুন।

- মথি ২৮ঃ১৮-২০ পদে যীশুর নির্দেশাবলীর গুরুত্বের বিষয় ব্যাখ্যা করুন।
- যীশুর সাতটি মৌলিক আদেশ মুখস্থ করতে বিশ্বাসীদের সাহায্য করুন (উপরের)।
- ব্যাখ্যা করুন যে এই আদেশগুলো সমস্ত শিক্ষা এবং পরিচর্য্যার ভিত্তি।
- বুদ্ধিমান লোকের পাথরের উপর গৃহ নির্মাণের যীশুর নীতি গল্পটি শিশুদের নাটক করতে বলুন।
- ব্যাখ্যা করুন যে বুদ্ধিমান লোকটি যীশুর আদেশ শুনেছিলেন এবং বাধ্য হয়েছিলেন।
- শিশুদের বলুন তারা যে প্রশ্নগুলো তৈরী করেছেন তা যেন বড়দের জিজ্ঞাসা করেন।

যীশু যেভাবে বলেছিলেন সেইভাবে শিষ্য তৈরী করার জন্য পবিত্র আত্মার কাছে সাহায্য যাচ্ঞা করুন।

প্রভুর ভোজের বিষয়টির পরিচিতির জন্য প্রেরিত ২ঃ৪৬ পদ পাঠ করুন। ব্যাখ্যা করুন যে ইহা খ্রীষ্টের মৌলিক আদেশ। প্রথম বিশ্বাসীরা যখন তাদের গৃহে রুটী ভেঙ্গে ছিলেন, তখন তারা যীশুর বাধ্য হয়েছিলেন।

যে কর্মীরা সম্প্রতি যীশুর আদেশের বাধ্য হওয়ার বিষয়ে বিশ্বাসীদের শিক্ষা দিয়েছিলেন তাদের রিপোর্ট দিতে বলুন।

সারা সপ্তাহ যাবৎ আপনি যে কাজগুলো করবেন বলে পরিকল্পনা করেছেন সেগুলো ঘোষণা করুন।

পরিকল্পনাগুলো সুনিশ্চিত করার জন্য, প্রার্থনার জন্য এবং পরস্পরকে উৎসাহ দানের জন্য দু-তিন জনের দল তৈরী করুন।

যোহন ১৪ঃ১৫ পদটি মুখস্থ করুন, "তোমরা যদি আমাকে প্রেম কর। তবে আমার আজ্ঞা সকল পালন করিবে।"

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net